বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে বিরল প্রজাতি হলো বামপন্থী মহল। একসময় তারা সমাজতন্ত্র কায়েমের পথে এদেশে ইসলাম এবং ইসলামপন্থী রাজনীতিকদের প্রধান প্রতিবন্ধক ভাবতেন। তাই কথায় কথায় তাদের চৌদ্দগোষ্ঠী উদ্ধার করা বামপন্থীদের একটা রুটিন স্বভাবে পরিণত হয়ে গিয়েছিল, এখনও করেন, তবে তেমন জোড় পান না। একেতো বিশ্বের সমাজতন্ত্রীরা এখন বিরল প্রজাতিতে পরিণত হয়েছে। তার উপর দেশে তাদের মাতায় যারা ছাতা ধরতেন তারাও নেই। যা হোক ১৯৯১ সালের নির্বাচনের পর বি, এন, পি, জামাতে ইসলামীর সমর্থন নিয়ে সরকার গঠন করলে এরা ভয়ানক ভাবে হৈ-চৈ আর ছিঃ ছিঃ করছিলেন। জামাতের সমর্থন নেয়ার কারণে বি, এন, পি, তাদের ভাষায় মহা পাপ করেছিলেন। তাদের নেতা এমনকি প্রতিষ্ঠাতা পর্যন্ত "রাজাকার" উপাধি পেয়েছিল এ মহল থেকে। তাঁর মুক্তিযোদ্ধাত্ব নিয়ে হরেক প্রশ্নের সৃষ্টি হয়েছিল। কিন্তু মুক্তিযুদ্ধের প্রধান পৃষ্ঠপোষক ও স্বাধীনতার প্রধান স্বপক্ষ শক্তির দাবিদার আওয়ামী লীগ যখন ততোধিক ভাব

জমিয়ে জামাতে ইসলামীকে নিয়ে আন্দোলন করেন, তখন বামপন্থী মহল যেন জেগে ঘুমোচ্ছিলেন। অথচ, তাদের আগের চেয়ে বেশী সোচ্চার হওয়ার কথা। কোন্ সে যাদুমন্ত্র যার প্রভাবে বামপন্থীদের মুখে এমন কুলুপ এঁটে গেল? আল্লাহর উপর অবিচল আস্থা ও ধর্মীয় বিশ্বাসের প্রতি সরাসরি আঘাতকারী কাদিয়ানী এনজিও গোষ্ঠী, নাস্তিক ও মুরতাদদের এরাই প্রধান পৃষ্ঠপোষকতা করেছে। আহমদ শরীফ, তাসলিমা নাসরিন উপখ্যানের এরাই জন্ম দিয়েছে। এ সরকারের সময়ই ইসলামী সংস্কৃতি বিধ্বংসী মডেলিং সুন্দরী প্রতিযোগিতাসহ সকল প্রকার অপসংস্কৃতির দ্বার আবারিত করে দেওয়া হয়েছে। ধর্ম ব্যবসার উদাহরণ কেউ যদি খুঁজতে চান তবে ঐ বি এন পি সরকারের ইতিহাসের প্রতি একুট ইঙ্গিত করলেই বোধহয় যথেষ্ট হবে। বাংলাদেশে আইন করে সংবিধান সংশোধনের মাধ্যমে ইসলামকে রাষ্ট্রধর্ম করার কৃতিত্ব দেখিয়ে ছিলো জাতীয় পার্টি। তখন অবশ্য কেউ এ নিয়ে টিটকারী মেরেছে কেউ মুখটিপে হেসেছে, আর একদল করেছে কলমবাজী ও চাপাবাজী। যাহোক, জাতীয় পার্টি এতে ইসলাম প্রতিষ্ঠার মহান দায়িত্ব পালন করেছে বলে তখনকার মতো এখনো গর্বে গদগদ ভাব দেখায়। কিন্তু দেশে ইসলামদ্রোহী তৎপরতার সয়লাব হয়ে গেলেও তারা নির্বাক। আদৌ যদি ইসলামকে রাষ্ট্রধর্মে পরিণত করে তারা, তবে এর মর্যাদা রক্ষার ক্ষেত্রেও তারাই অগ্রগামী হবে এটাই স্বাভাবিক। কিন্ত তারা আজ তা হতে বিরত কেন? কিসে তাদেরকে ইসলাম প্রতিষ্ঠার আন্দোলন করতে বাঁধা দেয়?

সবশেষে ছোট্ট একটি ঘঠনা উপস্থাপন করছি। ছোট্ট হলেও এঘটনার মাধ্যমে রাজনীতিকদের চরিত্র বুঝা যায়। ২৮শে সেপ্টেম্বর ৯৫ ইংরেজী বিরোধী দলের মহা-সমাবেশ উপলক্ষে ট্রাক ভর্তি আওয়ামী লীগ কর্মীরা আসছিল উত্তরা থেকে। ২৯শে সেপ্টেম্বর জনকণ্ঠ সহ অন্যান্য দৈনিকের রিপোর্ট অনুয়ায়ী জানা যায় যে, একটি বালু ভর্তি ট্রাক তখন সাতরাস্তার মোড়ে সাইড নিচ্ছিল। একটু দেরী হলে অপেক্ষমান কর্মীরা ড্রাইবার ও হেলপারকে গালি দেয়। এতে ট্রাক শ্রমিকরা উত্তেজিত হয়ে তর্কাতর্কি শুরু করলে ট্রাক থেকে কর্মীরা নেমে বালু ভর্তি ট্রাকটি ভাংচুর করে ও শ্রমিকদের মার-ধোর করে। মুহুর্তের মধ্যে এ খবর নিকটস্থ ট্রাকষ্ট্যান্ডে পৌঁছলে ট্রাক শ্রমিকরা সমাবেশে আগত কর্মীদের ধাওয়া করে। শুরু হয়ে যায় উভয় পক্ষের ধাওয়া পাল্টা ধাওয়া। ষ্ট্যান্ডের ট্রাকগুলো উশৃঙ্খল রাজনৈতিক কর্মীরা ব্যাপক ভাংচুর করে। ফলে ট্রাক শ্রমিকরাও আরো উত্তেজিত হয় এবং সে এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। এ সময় আওয়ামী লীগের একজন কর্মী আহমদ আলী নিহত হয়। ৩০শে সেপ্টেম্বর পত্রিকার পাতায় দেখা যায়, নিহত আহমদ আলীর দলীয় নেত্রী তার

কফিনে শ্রদ্ধা নিবেদনের জন্য পুস্পস্তবক অর্পন করছেন। তিনি আহমদ আলীর কোন্ কৃতিত্বের জন্য এ শ্রদ্ধা জানালেন? আহমদ আলীর কর্ম কান্ড কি উশৃঙ্খলতা ও সন্ত্রাসী কর্মকান্ড বা এর অংশ হিসেবে পরিগণিত নয়? নাকি দলীয় কর্মী বলে তার অপরাধ মুছে গেল, প্রাণ দিয়েছিল বলে পুস্পস্তবকের শ্রদ্ধা পেল?

এখন আমাদের সামনে স্পষ্ট হয়েগেল যে, গণতান্ত্রিক নিয়মে প্রচলিত তথাকথিত রাজনীতি নয়, হুজর পাক (সাঃ) ও তাঁর সাহাবাগণের রাজনীতিই আদর্শ রাজনীতি এবং আমরা উহাই অনুসরণ করব। আগে বুঝুন রাজনীতি শব্দের অর্থ কি এবং রাজনীতি কাকে বলে? রাজনীতি শব্দের অর্থ হলঃ রাজার নীতি অর্থাৎ রাষ্ট্র পরিচালনার রীতিনীতিকেই বলে রাজনীতি। অতএব পুরো বিষয়টি এমনঃ আল্লাহর দেওয়া বিধান সুপ্রতিষ্ঠিত করে ঐ নির্দিষ্ট ভুখন্ডকে কোরআন-সুন্নাহর মানদন্ডে পরিচালনা বা নিয়ন্ত্রণ করাই হল সঠিক ইসলামী রাজনীতি।

হয়তো বা আপনি বলতে পারেন, সাহাবায়ে কেরামের মতো রাষ্ট্র পরিচালনা করতে হলেতো হুকুমত হাতে আসতে হবে, আমরাতো এখনও হুকুমত পাইনি?

সুপ্রিয় পাঠক, একথাই আমি আপনার মুখদিয়ে বের হওয়ার অপেক্ষায় ছিলাম। ঠিকই বলেছেন আমাদেরকে প্রথমে হুকুমত হাতে নিতে হবে, তবেই আমরা সাহাবায়েকেরামের অনুরুপ না হলেও অন্তত উহার জররা পরিমান হুকুমত কায়েম করতে পারতাম। যেমন বর্তমান আফগানিস্তানে তালেবানরা কিতাল ফী সাবীলিল্লাহর মাধ্যমে কোরআনের বিধান প্রতিষ্ঠা করেছেন, যাঁদের ভয়ে আজ সমগ্র বিশ্বের সকল তাগুতী শক্তি ভীত সন্ত্রস্ত। এর দ্বারা প্রমাণ হল কিয়ামতের পূর্বমূহুর্তেও যদি কেউ (অর্থাৎ ইসা [আঃ] ও মেহেদী [আঃ] দাজ্জালের সাথে জিহাদ করেইতো ইসলামী হকুমত প্রতিষ্ঠা করবেন) ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করতে চায় তবে জিহাদ ব্যতীত এর বিকল্প কোন রাস্তা নেই। তা'নাহলে বলুন তো হযরত ওমর (রাঃ) ২,২১,৫১,০৩০ বর্গ কিলোমিটার ভূখন্ডে যে খেলাফত প্রতিষ্ঠা করেছিলেন তা'কি নির্বাচনের মাধ্যমে? নাকি কিতালের মাধ্যমে? **অবশ্যই কিতালের মাধ্যমে**। রাসূলুল্লাহর ২৩ বছরের নবুয়্যতী জিন্দেগীর সংক্ষিপ্ত পর্যালোচনা হল এইঃ "১৩ বছর তা'লিম ও দা'ওয়াতের মধ্যদিয়ে কাটে মক্কায়, পদে পদে নির্যাতনের শিকার হয়েছেন, শেষ পর্যন্ত মদীনায় হিজরতের হুকুম হল হিজরত করলেন। দ্বিতীয় হিজরিতে জিহাদের (হজ্জ ৩৯নং) হুকুম নাজিল হল, জিহাদ সংঘটিত হল শেষ পর্যন্ত ৮ম হিজরিতে মক্কা তথা মাতৃভূমি বিজয় হল। তাহলে দেখা যায় মক্কা-মদীনায় ইসলামী হুকুমত নবুয়্যতের ২১ বছরের ফলা ফল। অবশিষ্ট ২ বছর কেয়ামত পর্যন্ত আনে ওয়ালা উম্মতদেরকে এই শিক্ষা

দিলেন যে, কিভাবে একটি রাষ্ট্র পরিচালনা করতে হয়, এরই নাম রাজনীতি"। পাঠক বন্ধু আপনি এবার নিজে চিন্তা করুন আপনি কোন্ রাজনীতির ব্যাপারে লাফালাফি করছেন?

সুতরাং খেলাফত প্রতিষ্ঠার সুন্নত তরিকা হল একমাত্র কিতাল ফী সাবীল্লিাহ অর্থাৎ "জিহাদ লি-এলায়ে কালিমাতিদ্ দ্বীন"।

আপনি যদি জিহাদ সম্পর্কে পবিত্র কোরআনকে প্রশ্ন করেন তো দেখবেন খন্ডিত, সমগ্র, ছোট-বড় যে কোন জবাব আপনি পাচ্ছেন।

কোরআনের জবাব ঃ (১) কোরআন মজীদকে প্রশ্ন করুনঃ বল-জিহাদের হুকুম কি? এর জবাবে কোরআন স্পষ্ট বলবে "তোমাদের উপর কিতালকে ফরয করা হয়েছে"। (বাকারা-২১৬)

এখন দেখা যাক একি ফরজে আইন, না ফরজে কিফায়া। **হানাফী মাযহাবের সিদ্ধান্তঃ** জিহাদ ফরজে কিফায়া না ফরজে আইন এ আলোচনা করতে গিয়ে হানাফী মাযহাবের বিখ্যাত আলিম ও ভাষ্যকার আল্লামা ইবনে আবেদীন লিখেনঃ "কোন ইসলামী সীমান্তে যদি কুফুরী শক্তি আক্রমণ করে তবে আক্রান্ত ভূমির নিকটবর্তী মুসলমানদের উপর জিহাদে ঝাঁপিয়ে পড়া ফরজে আইন। আর যারা দূরে অবস্থান করছেন এবং তাদের সাহায্য ব্যতীতই দুশমনের প্রতিরোধ সম্ভব, তবে তাদের জন্য এ জিহাদে অংশ গ্রহণ ফরজে কিফায়া। কিন্তু যদি তাদের প্রয়োজন অনুভূত হয়, অর্থাৎ নিকটবর্তী মুসলামানদের পক্ষে একাকী দুশমনের মোকাবিলা করা অসম্ভব হয় কিংবা সম্ভব হলেও তারা অবহেলা করে জিহাদে অংশগ্রহণ না করে, তখন তুলনামূলক দূরে অবস্থানকারী মুসলমানদের উপরও পর্যায়ক্রমে এ জিহাদ ফরজে আইন হয়ে দাঁড়ায়। যেমনিভাবে নামায ও রোজা ফরজ, মনে রাখতে হবে এ ফরজ পালনে পর্যায়ক্রমে পৃথিবীর যেখানেই মুসলমান বাস করছে তাদের এগিয়ে আসতে হবে। মোটকথা কুফুরী শক্তির আক্রমণ প্রতিহত করা ফরজে আইন, এগুরু দায়িত্ব থেকে কেউ মুক্ত নন"।

আল্লামা ইবনে আবেদীনের এ বক্তব্যের অনুরূপ ফতোয়া প্রদান করেছেন হানাফী মাযহাবের অন্যান্য মনিষীবৃন্দ। এর জন্য দেখুন আল্লামা কাসানীর সাড়া জাগানো "বাদায়েসানায়ে" এবং ইবনু নুজাইমের "বাহরুর রায়েক" আর আল্লামা ইবনুল হুমামের "ফাতহুল কাদীর"।

মালেকী মাযহাবের বক্তব্য ঃ দুশমনের আগমেনর সাথে সাথেই সর্বস্তরের মুসলমানের উপর জিহাদ ফরজে আইন। এমনকি দাস-দাসী অপ্রাপ্ত বয়স্ক বালক ও মহিলাদেরকেও এ জিহাদে অংশগ্রহণ করতে হবে। এ জন্যে প্রয়োজনে অভিভাবক

স্বামী ও কর্জদাতার নিষেধ ও উপেক্ষা করতে হবে। আল্লামা দাসুকী তার টিকায় এ মতামত ব্যক্ত করেছেন।

শাফেয়ী মাযহাবের মতামত ঃ এ ব্যাপারে শাফেয়ী মাযহাবের অবস্থান উল্লেখ করে আল্লামা রামলী "নিহায়তুল মুহতাজে" বলেন শত্রু আক্রান্ত ভূমি হতে যারা এত দূরত্বে থাকবে যতটুকু দূরত্বের কারণে কসর নামাজ যায়েজ তাদের উপর প্রতিরোধ অভিযানে বেরিয়ে পড়া কর্তব্য। প্রয়োজনে যারা জিহাদের ফরজের অন্ত র্ভূক্ত নন যথা মহিলা, দরিদ্র, বালক, দাসও ঋণগ্রস্থ ব্যক্তিবর্গকেও জিহাদে অংশ গ্রহণ করতে হবে।

হাম্বলী মাযহাবের বক্তব্য ঃ আল্লামা ইবনুল কাদামা তাঁর বিখ্যাত গ্রন্থ "মুগনী"তে লিখেন-"তিন সময়ে জিহাদ আবশ্যিক হয়ে দাঁড়ায়ঃ (১) ইসলামী সৈন্যদল ও অমুসলিম বাহিনী পরস্পর মুখোমুখী হয়ে যুদ্ধের জন্য অবস্থান নিলে সকলের জন্য জিহাদ ফরজ। (২) কোন নগরীতে কাফের বাহিনীর আগমনে তথাকার অধিবাসীদের উপর প্রতিরোধ সংগ্রামে ঝাঁপিয়ে পড়া অবশ্য কর্তব্য (৩) মুসলমানদের ধর্মীয় নেতা বা ইমামের যুদ্ধে যাওয়ার আহবানে সাড়া দিয়ে বেরিয়ে পড়া ফরজ। প্রয়োজনে ইমাম সমগ্র জাতিকেও আহবান করতে পারেন (মুগনী)।

এখন একথা দিবালোকের ন্যায় সুস্পষ্ট হয়ে উঠলো যে, বর্তমান মুহূর্তে জিহাদ ফরজে কিফায়া নয় বরং ফরজে আইন। হে পাঠক বন্ধু আমার, এখনো যদি আপনার বুঝে না আসে তাহলে একজন বিজ্ঞ আলিমের নিকট এর প্রমাণ নিন। তাইতো আল্লাহ বলেন ঃ "অতএব, জ্ঞানীদেরকে জিজ্ঞাসা কর যদি তোমাদের জানা না থাকে" (সুরা নাহল-৪৩ নং আয়াত)

(২) বল-সবার উপর কি একই হুকুম?

"দুর্বল, রুগ্ন, ব্যয়ভার বহনে অসমর্থ লোকদের জন্য কোন অপরাধ নেই, যখন তারা মনের দিক থেকে পবিত্র হবে আল্লাহ ও রাসূলের সাথে" (সারা-তাওবাহ-৯১ নং আয়াত)

"অন্ধের জন্য, খঞ্জের জন্য, ও রুগ্নের জন্য, কোন অপরাধ নেই এবং যে কেউ আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করবে তাকে তিনি জান্নাতে দাখিল করাবেন" (ফাত্‌হ-১৭ নং আয়াত)

সালাত, যাকাত, সিয়ামের মত কিতাল ও একটি ফরজ এবাদত যা পরিত্যগকারী চরম শাস্তির যোগ্য। আমার বিশ্বাস, আল্লাহর কাছে জিহাদ হতে অব্যাহতি পাবে শুধু চার প্রকারে মানুষ (১) অন্ধ (২) বিকলাঙ্গ (৩) অসুস্থ এবং (৪) যারা ব্যয়ভার বহনে অসমর্থ। এরা ছাড়া বাকী সকল মুসলমানকে জিহাদ ত্যাগের কারণে আল্লাহর

নিকট জবাবদিহির সম্মুখীন হতে হবে। চাই এ জিহাদ আফগানিস্তানে, ফিলিস্তিনে, আরকানে, কাশ্মিরে, কসোভোতে অথবা পৃথিবীর অন্য কোন ভূমিতে হোক যা কাফের দ্বারা আক্রান্ত ও অপবিত্র হচ্ছে।

(৩) বল-জিহাদ ফরজ করাতে আল্লাহর উদ্দেশ্য কি?

"আল্লাহ যদি একজনকে অপর জনের দ্বারা প্রতিহত না করতেন, তাহলে গোটা দুনিয়া বিধ্বস্ত হয়ে যেত। কিন্তু বিশ্ববাসীর প্রতি আল্লাহ একান্তই দয়ালু ও করুণাময়"। (বাকারা-২৫১)

"আল্লাহ যদি মানব জাতির এক দলকে অপর দল দ্বারা প্রতিহত না করতেন, তবে (খ্রীষ্টানদের) নির্জন গির্জা, এবাদতখানা, (ইহুদীদের) উপাসনালয় এবং মসজিদ সমূহ বিধ্বস্ত হয়ে যেত, যেগুলোতে আল্লাহর নাম অধিক স্বরণ করা হয়।" (হজ্জ-৪০) "আল্লাহ ইচ্ছে করলে তাদের কাছ থেকে প্রতিশোধ নিতে পারতেন। কিন্তু তিনি তোমাদের কতককে কতকের দ্বারা পরীক্ষা করতে চান"। (মুহাম্মদ-৪ আয়াতাংশ)

কোরআন দ্বারা স্পষ্টাক্ষরে প্রমাণিত রয়েছে যে, দুনিয়ার স্থায়ীত্বের শেষ সীমা মহা প্রলয় তথা কেয়ামত পর্যন্ত বিশ্ব মানবের জন্য আল্লাহ তা'আলা কর্তৃক নির্ধারিত ও স্থিরী কৃতরুপে মনোনীত দ্বীন একমাত্র ইসলাম। তাই ভূপৃষ্ঠের অন্যান্য ধর্মের অন্তরায় মুক্তরুপে সম্ভাব্য সকল প্রকার আপদ-বিপদ, বাঁধা বিঘ্নের উর্ধ্বে থেকে বিশ্বের প্রতি কোণে কোণে দ্বীন ইসলাম প্রবল দ্বীনরুপে বিরাজমান থাকবে, সারা বিশ্বে ইসলামের প্রাধান্য স্থাপিত হবে, ইহাই দ্বীন ইসলাম; সৃষ্টিকর্তা কর্তৃক মনোনীত দ্বীন হওয়ার বাস্তব প্রতিক্রিয়া ও মুল তাৎপর্য।

অতঃপর লক্ষনীয় বিষয় এই যে, দ্বীন ইসলাম শুধুমাত্র গুটি কয়েক এবাদত-বন্দেগী, উপাসনা-প্রার্থনা, তপ-জপ জাতীয় কার্য ও অনুষ্ঠানাদির সমষ্টির নাম নয়, তথা সন্ন্যাস-বৈরাগ্যের ধর্ম দ্বীন ইসলাম নয়, বরং ব্যক্তিগত, সমাজগত, রাজনৈতিক, অর্থনৈতিক ইত্যাদি মানব জীবনের প্রতিটি স্তর ও পদক্ষেপকেই দ্বীন ইসলাম নিয়ন্ত্রণ করে থাকে। দ্বীন ইসলামের মধ্যে এবাদত বন্দেগীর সঙ্গে সঙ্গে স্বতন্ত্র সমাজ ব্যবস্থা, অর্থ ব্যবস্থা, পারিবারিক ব্যবস্থা, শাসন ব্যবস্থা এবং আল্লাহ তা'আলা কর্তৃক প্রদত্ত উহার বিশেষ শাসনতন্ত্র রয়েছে যাকে আল্লাহ তা'আলার সৃষ্ট বিশ্বে চালু করতে হবে।

অতএব দ্বীন-ইসলামের বাস্তব-প্রাবল্য ও প্রাধান্য প্রতিষ্ঠা এবং অন্তরায় মুক্ত রূপে তা কার্যকরী হওয়ার জন্য দারুল ইসলাম-ইসলামী রাষ্ট্র তথা ইসলামের সমুদয় অনুশাসন প্রবর্তিত হওয়ার অন্তরায়হীন ক্ষেত্র প্রতিষ্ঠা করতে হবে। আল্লাহর দ্বীন

যেরূপ বিশ্বের কোণে কোণে প্রবল দ্বীন রূপে বিরাজমান থাকা আবশ্যক, তদ্রুপ বিশ্বের কোণে কোণে দারুল ইসলাম প্রতিষ্ঠিত হওয়া ও আবশ্যক এবং কাফের-হরবী তথা ইসলামের আধিপত্যের বিদ্রোহী শত্রুকে শায়েস্তা করা ও আবশ্যক, যাতে আল্লাহর সৃষ্ট মানবের কোন ব্যক্তি বা দল ইসলামের ছায়া তলে আসতে এবং ইসলাম তথা আল্লাহ্ কর্তৃক মনোনীত জীবন ব্যবস্থা অবলম্বন করতে বাঁধা প্রাপ্ত না হয়। এ জন্যেই আল্লাহ তা'আলা জিহাদ ফরজ করেছেন।

আর একটি কথা ভাল করে বুঝবার চেষ্টা করুন, যখন দুনিয়ার দেহে (পৃথিবীর বুকে) শিরকের বিষাক্ত জীবানুর সৃষ্টি হয় এবং এটা একটা রুগ্ন দেহের মত হয়ে পড়ে তখন আল্লাহ্ তা'আলার রহমত হিসেবে তাদের জন্য স্নেহপরায়ন চিকিৎসক [হযরত মুহাম্মদ (সাঃ)-কে] পাঠালেন, যিনি একাধারে ২৩ বছর পর্যন্ত তাদের দেহের প্রত্যেকটি অঙ্গ-প্রত্যঙ্গ ও শিরা-উপশিরায় সংশোধনের চেষ্টা করেন; যার ফলে সংশোধনযোগ্য অঙ্গ সমূহ আরোগ্য লাভ করে, কিন্তু যেসব অঙ্গ সম্পূর্ণ জখম হয়েছে, সেগুলোর সংশোধন বা আরোগ্যের কোন উপায় নেই বরং বিপজ্জনক হয়েছে যে, এগুলোর জীবাণু বা পঁচন সমস্ত দেহেই ছড়িয়ে পড়ে। তাই হেকিমদের নীতি অনুযায়ী রহমত ও হিকমতের উপযুক্ত চাহিদাও এটাই ছিল যে, অপারেশন করে ঐ দেহটাকে বিচ্ছিন্ন করে দেওয়া। এটাই হল আল্লাহর পক্ষ হতে জিহাদ ফরজ করার হাকীকত ও তাৎপর্য এবং এটাই ইসলামের আত্ম রক্ষামূলক ও আক্রমণাত্মক শান্ত অভিযানের মূল উদ্দেশ্য।

দ্বিতীয়ত ঃ ইহজগত যেহেতু পরীক্ষার স্থল, সেহেতু জিহাদের দ্বারা আল্লাহ তা'আলা বুঝে নিচ্ছেন কে পরিপূর্ণ ঈমানদার আর কে অপূর্ণাঙ্গ ঈমানদার এবং কে মুনাফিক।

(৪) বল-কেন আমরা জিহাদ করব?

"আল্লাহ তাদেরকে ভালবাসেন, যারা তাঁর পথে সারিবদ্ধভাবে লড়াই করে, যেন তারা সীসা লাগানো প্রাচীর।" (আ-ছাফ্-৪)

আমরা জিহাদ করব আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য ঐভাবে যেভাবে তিনি পাক কালামে ঘোষণা দিয়েছেন যুদ্ধের সেই কাতার আল্লাহর কাছে প্রিয়, যা আল্লাহর শত্রুদের মোকাবিলায় তাঁর বাণী সমুন্নত করার জন্যে কায়েম করা হয় এবং মুজাহিদদের অসাধারণ দৃঢ়তা ও সাহসিকতার কারণে তা একটি সীসা লাগানো প্রাচীরের রূপ পরিগ্রহ করে।

হযরত আবু উমামা (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী করীম (সাঃ) বলেছেন ঃ "যে মুসলামান তার জীবনে না কখনো আল্লাহর রাস্তায় জিহাদ করছে না কোন মুজাহিদদের

জন্য জিহাদের সামান তৈরী করেছে আর না কোন মুজাহিদ পরিবারের হিতৈষণার জন্য বাড়ীতে অবস্থান করেছে, আল্লাহ তা'আলা কিয়ামত আসার আগে তাকে এক ভীষণ আজাবে পতিত করবেন।" আলোচ্য হাদীসটি থেকে বুঝা গেল, যে কোন মুসলমানের জন্য ইহলৌকিক আজাব-গজব থেকে বাঁচার পথ তিনটি। (১) নিজে মুজাহিদ হওয়া, (২) মুজাহিদের রণসরঞ্জাম ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রীর ব্যবস্থা করা। (৩) মুজাহিদ পরিবারের হিতৈষনা ও দেখা-শোনার উদ্দেশ্যে স্বদেশে অবস্থান করা। (৪) এছাড়াও আমরা জিহাদ করব আল্লাহ প্রদত্ত বিধান ফরজ আদায় করার জন্য। হুজুর (সাঃ) বলেছেন-আল্লাহর নৈকট্য লাভের জন্য সর্বাপেক্ষা অধিক নিকটবর্তী আমল হচ্ছে জিহাদ। অন্যকোন আমলই জিহাদের নিকটবর্তী হতে পারেনা।

(৫) বল-কাদের জন্য আমরা জিহাদ করব?

"আর তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর রাহে লড়াই করছনা, দূর্বল সেই পুরুষ, নারী ও শিশুদের পক্ষে যারা বলে, হে আমাদের পালানকর্তা! আমাদেরকে এই জনপদ থেকে নিস্কৃতি দান কর; এখানকার অধিবাসীরা যে অত্যাচারী! আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য পক্ষাবলম্বনকারী নির্ধারন করে দাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্যকারী নির্ধারণ করে দাও।" (নিসা-৭৫)

মক্কায় মুসলমানদের উপর কাফেরদের নির্যাতন চরম সীমায় পৌছে গিয়েছিল। এমন কোন দিন যেত না যে, কোন না কোন মুসলমান তাদের নিষ্ঠুর হাতে আহত ও প্রহৃত হয়ে না আসত। এমনই মুহুর্তে আল্লাহ তা'আলার নির্দেশ আসল মদিনা হিজরত করার জন্য। হিজরতের পর এমন কিছু দুর্বল মুসলমান রয়ে গিয়েছিলেন, যারা দৈহিক দূর্বলতা এবং আর্থিক দৈন্যের কারণে হিজরত করতে পারছিলেন না। পরে কাফেররাও তাদেরকে হিজরত করতে বাধা দান করছিল, যাতে তারা ইসলাম ত্যাগ করতে বাধ্য হয়। এদের কারো কারো নামও তফসীর গ্রন্থে উল্লেখ করা হয়েছে। যেমন, হযরত ইবনে আব্বাস ও তাঁর মাতা, সালামা ইবনে হেশাম ওলীদ ইবনে ওলীদ, আবু জান্‌দাল ইবনে সাহল প্রমুখ। এসব সাহাবী নিজেদের ঈমানী বলিষ্টতার দরুণ কাফেরদের অসহনীয় উৎপীড়ন সহ্য করে ও ঈমানের উপর স্থির থাকেন। অবশ্য তাঁরা এসব অত্যাচার-উৎপীড়ন থেকে অব্যাহতি লাভের জন্য বরাবরই আল্লাহ রাব্বুল আলামীনের দরবারে মুনাজাত করতে থাকেন। শেষ পর্যন্ত আল্লাহ তা'আলা তাঁদের এ প্রার্থনা মঞ্জুর করে নেন এবং মুসলমানদেরকে নির্দেশ দেন, যাতে তাঁরা জিহাদের মাধ্যমে নিপীড়িতদেরকে কাফেরদের অত্যাচার থেকে মুক্ত করেন। অবশ্য এই কারণে সর্ব প্রথম যে আয়াত অবতীর্ণ হয় তা এই-"যুদ্ধের

অনুমতি দেওয়া হল তাদেরকে যাদের সাথে কাফেররা যুদ্ধ করে; কারণ তাদের প্রতি অত্যাচার করা হয়েছে। আল্লাহ তাদেরকে সাহায্য করতে অবশ্যই সক্ষম।" (হজ্জ-৩৯)

বন্ধু আমার, এবার চিন্তা করুন একই অবস্থা কি আজ আরাকান, কাশ্মির, কসোভো ও ফিলিস্তিনের মুসলমানদের উপর চলছেনা? ঈমান দূর্বল হওয়ার কারণে তারা কি আরও তাড়া-তাড়ি ঈমান হারা হয়ে পড়েছেনা? তাহলে আমাদের উপর কেন জিহাদ ফরজ হবেনা? বরং আমি বলব দু'শ বছর আগে আমাদের উপর জিহাদ ফরজ হয়ে আছে। ফিকার কিতাব খুলে দেখুন উপরোক্ত আয়াত দু'টি দ্বারা জিহাদ ফরজ হয়েছে কিনা? কেননা উৎপীড়িতের সাহায্য করা ইসলামের একটি গুরুত্বপূর্ণ ফরয। নির্যাতিত সকল রাষ্ট্রের মুসলমানরা ঐ একই ফরিয়াদ জানাচ্ছে আল্লাহর দরবারে। তাদের ডাকে সাড়া না দেওয়াতো আমাদের ঈমানহীনতার পরিচয় বহন করে। হে ঈমানদার যুবক ভাইরা আমার-ঐ মজলুমানের মুক্তির জন্যে এখনই ক্লাসিনকোভ হাতে নিয়ে বের হয়ে আসুন, এটা আল্লাহরই নির্দেশ-"হে ঈমানদারগণ! নিজেদের অস্ত্র তুল নাও এবং পৃথক পৃথক সৈন্য দলে বেরিয়ে পড় কিংবা সমবেতভাবে।" (নিসা-৭১)

(৬) বল- তার আগে আমাদের শক্তির তথা প্রস্তুতি গ্রহণ করার প্রয়োজন আছে কিনা?

"আর প্রস্তুত কর তাদের সাথে যুদ্ধের জন্য যাই কিছু সংগ্রহ করতে পার নিজের শক্তি সামর্থ্যের মধ্য থেকে এবং পালিত ঘোড়া থেকে, যেন প্রভাব পড়ে আল্লাহর শত্রুদের উপর এবং তোমাদের শত্রুদের উপর আর তাদেরকে ছাড়া অন্যান্যদের উপরও যাদেরকে তোমরা জাননা; আল্লাহ তাদেরকে চেনেন।" (আনফাল-৬০)

নবীর (সাঃ) দাওয়াতের প্রথম পর্যায়ে ছিল প্রত্যেক মুসলমানকে জিহাদ অর্থাৎ জান-মালের ত্যাগ স্বীকারের জন্য প্রস্তুত করা। যখন এ জনশক্তি পরিপূর্ণভাবে প্রস্তুত হল তখন দ্বিতীয় পর্যায়ে ছিল এ জনশক্তির সামরিক প্রশিক্ষণ। যার উপর আল কোরআনের যথেষ্ট গুরুত্বারোপ করা হয়েছে এবং মুসলমানদের পূর্ণ শক্তি অর্জনের জন্য উদ্বুদ্ধ করা হয়েছে। এ কারণেই মুসলমানগণ গোটা দুনিয়ার পিঠে ইসলামের শান-শওকতের ঝান্ডা উড়িয়ে ছিলেন। স্বয়ং হুজুর (সাঃ) সাহাবাগণকে ঘোড়-দৌড়, সাতার কাটা, তীর নিক্ষেপ ইত্যাদির জন্য ব্যাপক উৎসাহ প্রদান করতেন।

হযরত উক্‌বা বিন আমের (রাঃ) বলন যে, আমি রাসূল (সাঃ)-কে মিম্বরের

উপর কোরআন মজীদের এ আয়াত তিলাওয়াত করতে শুনেছি; "আর প্রস্তুত কর তাদের সাথে যুদ্ধের জন্য যা কিছু সংগ্রহ করতে পার নিজের শক্তির সামর্থ্যের মধ্য থেকে।" অতঃপর তিনি বলেন-সাবধান! শক্তি নিক্ষেপনের মধ্যে। সাবধান! শক্তি নিক্ষেপনের মধ্যে। হাদীসে বর্ণিত "রমি" শব্দের অর্থ নিক্ষেপ করা যা তীরন্দাজির বেলায়ও ব্যবহার হয়। হুজুর (সাঃ) এর এ ব্যাপক অর্থবোধক শব্দে এই ইংগিত পাওয়া যায় যে, প্রকৃত শক্তি নিক্ষেপনের মধ্যে। যদি বর্তমান যুগের প্রেক্ষাপটে চিন্তা করা হয়। তবে দেখা যায় যে, আসল শক্তি হল নিক্ষেপনের মধ্যেই।

হযরত উক্‌বা বিন আমের (রাঃ) আরো বলেছেন যে, আমি রাসূল (সাঃ) কে এও বলেতে শুনেছি যে, "যে ব্যক্তি তীরন্দাজী শিখার পর তা ছেড়ে দিয়েছে সে আমাদের মধ্য থেকে নয়" (মুসলিম)। লক্ষ্য করুন অস্ত্রের জ্ঞান অর্জন করে তা বর্জন করার উপর কত ভীষণ হুমকি প্রদর্শন করা হয়েছে। এ থেকে এটা স্পষ্ট যে অস্ত্র চালনা শিক্ষা এবং তার অনুশীলন অব্যাহত রাখা ইসলামের একটি গুরুত্বপূর্ণ বিধান। অতএব ঐ সকল মুসলমানগণ নিজের জীবনের উপর একটু চিন্তা করে দেখুন যারা কখনো ইসলামের এ বিধানের প্রতি ভ্রুক্ষেপ করেন নাই এবং এর শিক্ষাকে দ্বীনের অঙ্গ বলেও মনে করেননা। অচথ সালমা বিন আক্‌ওয়া (রাঃ) বর্ণনা করেন যে, হুজুর (সাঃ) একদা আসলাম গোত্রের কিছু লোকের পার্শ্ব দিয়ে পথ অতিক্রম করলেন যারা তখন তীরন্দাজী করছিল। তখন হুজুর (সাঃ) এরশাদ করেলেন নিক্ষেপ কর, নিশ্চয় তোমাদের পিতা হযরত ইসমাঈল (আঃ) তীর নিক্ষেপকারী ছিলেন। তীর নিক্ষেপ কর, আর আমি অমুক গোত্রের পক্ষাবলম্বনকারী। হযরত সালমা (রাঃ) বলেন একথা শুনে অপর পক্ষ হাত গুটিয়ে নিলেন। তখন হুজুর (সাঃ) বলেন-তোমাদের কি হল, তীর নিক্ষেপ করছনা? তখন তাঁরা উত্তর দিলেন যে, আমরা কিভাবে নিক্ষেপ করি? যেহেতু আপনি দ্বিতীয় পক্ষে রয়েছেন। তখন হুজুর (সাঃ) বললেন-আমি তোমাদের সকলের সঙ্গে আছি।

ওহুদ যুদ্ধের সময় হুজুর (সাঃ) হযরত সা'দ বিন ওয়াককাসকে (রাঃ) লক্ষ্য করে বলেছেনঃ হে সা'দ! তীর নিক্ষেপ কর, আমার মাতা-পিতা তোমার উপর কোরবান হোক। হুজুর (সাঃ) হযরত আবু তালহার (রাঃ) সাথে একই ঢালের মধ্যে আত্মরক্ষা করছিলেন। আবু তালহা (রাঃ) যিনি দক্ষ তীরন্দাজ ছিলেন, তিনি যখন তীর নিক্ষেপ করতেন তখন হুজুর (সাঃ) মাথা বের করে তাঁর তীরের লক্ষ্য স্থল দেখে নিতেন। (বাখোরী)

হযরত আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, নবী করীম (সাঃ) ইরশাদ করেছেন, "যে ব্যক্তি আল্লাহ তা'আলার উপর পরিপক্ক ঈমান রাখে এবং তাঁর ওয়াদাকে সত্য

জ্ঞান করে জিহাদের উদ্দেশ্যে ঘোড়া প্রতিপালন করে, কিয়ামতের দিন ঘোড়ার আহার্য, পানি, মল ও মুত্র সে ব্যক্তির আমলের পাল্লায় রাখা হবে।" (বোখারী)
হাদীসটি থেকে বুঝা গেল, জিহাদের উদ্দেশ্যে যত কিছুই তৈরী করা হবে তার প্রতিদান ও সম্মানী পাওয়া যাবে। এমনি ভাবে জিহাদে অগ্রণী ভূমিকা পালন করার নিয়তে দৈহিক শক্তি সঞ্চয়ের জন্য যে মুজাহিদ নিজের জন্য টাকা পয়সা খরচ করবে,উহার প্রতিদান ও সম্মানী তার আমলনামাতে সংযোজিত হবে।

হুজুর (সাঃ)-এর অন্যতম পবিত্র শিক্ষা হল মসজিদের যথাযত সম্মান রক্ষা ও মসজিদকে খেলাধুলা থেকে পবিত্র রাখা এবং মসজিদে আমোদ-প্রমোদকে তিনি কিয়ামতের আলামত বলে অভিহিত করেছেন। কিন্তু মসজিদে অস্ত্র প্রশিক্ষণ সম্পর্কে নিষেধ করেন নি। বরং হাবসার একটি দল যখন মসজিদে তীরন্দাজীর প্রদর্শনী করছিল, তখন হুজুর (সাঃ) স্বয়ং তা প্রত্যক্ষ করেছেন। আর যখন হযরত উমর (রাঃ) প্রস্তরহাতে নিয়ে তাদেরকে তাড়িয়ে দেওয়ার ইচ্ছে করলেন, তখন হুজুর (সাঃ) বললেন, "উমর, তাদেরকে নিজের অবস্থার উপর ছেড়ে দাও।" (বোখারী)
মসজিদে নববীতে অস্ত্রের প্রদর্শনী একথারই সুস্পষ্ট প্রমাণ বহন করে যে, জিহাদের প্রশিক্ষণ সে সমস্ত এবাদতের অন্তর্ভূক্ত যার মাধ্যমে মুসলমানগণ আল্লাহর নৈকট্য অর্জন করে। তাইতো মসজিদে পর্যন্ত তার অনুমতি প্রদান করা হয়েছে। আলোচ্য আয়াতের প্রেক্ষিতে বিশিষ্ট ইসলামী আইন বিশেষজ্ঞ মুফতিয়ে আজম (পাকিস্তান) মোহাম্মদ শফী (রহঃ)-মাসআল বলেন ঃ

"জিহাদের জন্য অস্ত্র ও যুদ্ধ সামগ্রীর প্রস্তুতি নেওয়া ফরয।" (মাসায়েলে মারিফুল কোরআন ১৫৮ পৃষ্ঠা)

(৭) বল, কার সঙ্গে জিহাদ করব ?

"আর যদি তারা ভঙ্গ করে তাদের শপথ প্রতিশ্রুতির পর এবং বিদ্রুপ করে তোমাদের দ্বীন সম্পর্কে, তবে কুফর প্রধানদের সাথে যুদ্ধ কর। কারণ এদের কোন শপথ নেই যাতে তারা ফিরে আসে।" (তাওবাহ-১২)

আলোচ্য আয়াতে বলা হচ্ছে যে, সন্ধি চুক্তি যারা ভঙ্গ করবে এদের সাথে মুসলমানদের কি ব্যবহার করা উচিত, এরশাদ হচ্ছে-"এরা যদি চুক্তি সম্পাদনের পর শপথ ও প্রতিশ্রুতি ভঙ্গ করে এবং ইসলামও গ্রহণ না করে, অধিকন্তু ইসলামকে নিয়ে বিদ্রূপ করে, তবে সেই কুফর প্রদানদের সাথে যুদ্ধ কর।" এখানে আপাত দৃষ্টিতে বলা সঙ্গত ছিল, "সেই কাফেরদের সাথে যুদ্ধ কর।" কিন্তু তা না বলে বলা হয়-"সেই কুফর প্রদানদের সাথে যুদ্ধ কর।" তার কারণ এরা চুক্তি ভঙ্গের দ্বারা কুফরের ইমাম বা প্রদানের পরিণত হয়ে যুদ্ধের উপযুক্ত হয়। এ বাক্যরীতিতে

যুদ্ধাদেশের কারণের প্রতি ইঙ্গিত রয়েছে।

“তোমরা যুদ্ধ কর আহলে-কিতাবের ঐ লোকের সাথে, যারা আল্লাহ ও পরকালে ঈমান রাখেনা, আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করে দিয়েছেন তা হারাম করেনা এবং গ্রহণ করেনা সত্য ধর্ম, যতক্ষণ না করজোড়ে তারা জিযিয়া প্রদান করে।” (তাওবাহ-২৯)

আহ্‌লে-কিতাবের উল্লেখ করে অত্র আয়াতে তাদের সাথে যুদ্ধ করার যে নির্দেশ রয়েছে, তা শুধু আহলে-কিতাবের মধ্যে সীমাবদ্ধ নয়। বরং এ আদেশ রয়েছে সকল কাফের সম্প্রদায়ের জন্যেই। কারণ যুদ্ধ করার যে সকল হেতু সামনে বর্ণিত হচ্ছে, তা সকল কাফেরদের মধ্যে সমভাবে বিদ্যমান। সুতরাং এ আদেশ সকলের জন্যই প্রযোজ্য। তবে বিশেষ ভাবে আহলে কিতাবের উল্লেখ করা হয় মুসলমানদের এ দ্বিধা নিবারণ উদ্দেশ্যে যে, ইহুদী-খ্রিষ্টানেরা অন্ততঃ তাওরাত-ইঞ্জিল এবং হযরত মুসা ও ঈসা (আঃ)-এর প্রতি তো ঈমান রাখে অতএব, পূর্বের আম্বিয়া (আঃ) ও কিতাবের সাথে তাদের সম্পর্ক থেকে মুসলমানের জিহাদী মনোভাবের জন্য বাধা হওয়ার সম্ভাবনা ছিল, তাই বিশেষভাবে তাদের উল্লেখ করা হয়। আবার এ ইঙ্গিতও রয়েছে যে, তারা এই দৃষ্টিকোণে অধিক শাস্তির যোগ্য। কারণ, এরা অপেক্ষাকৃত জ্ঞানী, এদের কাছে তওরাত-ইঞ্জিলের জ্ঞান রয়েছে, যে তওরাত-ইঞ্জিলে রয়েছে রাসূলে করীম (সাঃ) সম্পর্কিত ভবিষ্যদ্বাণী, এমনকি তাঁর (সাঃ) দৈহিক আকৃতির বর্ণনা। এ সত্ত্বেও তাদের সাথে যুদ্ধের আদেশ দেওয়া হয়। এ আয়াতে যুদ্ধের চারটি হেতুর বর্ণনা রয়েছে-প্রথমতঃ لَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ তারা আল্লাহর প্রতি বিশ্বাস রাখে না। ২য়তঃ وَلَا بِالْيَوْمِ الْاٰخِرِ পরকালের প্রতি ও তাদের বিশ্বাস নেই। ৩য়তঃ

وَلَا يُحَرِّمُوْنَ مَا حَرَّمَ اللّٰهُ وَرَسُوْلُهٗ

আল্লাহর হারাম কৃত বস্তুকে তারা হারাম মনে করে না।

চতুর্থত ঃ وَلَا يَدِيْنُوْنَ دِيْنَ الْحَقِّ সত্য ধর্ম গ্রহনে তারা অনিচ্ছুক।

আবার, حَتّٰى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَّهُمْ صَاغِرُوْنَ

“যতক্ষণনা তারা করজোড়ে জিযিয়া প্রদান করে” বাক্য দ্বারা যুদ্ধ বিগ্রহের একটি সীমা ঠিক করে দেওয়া হয়। অর্থাৎ, তাবেদার প্রজারূপে জিযিয়া প্রদান না করা পর্যন্ত তাদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাবে।

“হে ঈমানদারগণ, তোমাদের নিকটবর্তী কাফেরদের সাথে যুদ্ধ চালিয়ে যাও এবং তারা তোমাদের মধ্যে কঠোরতা অনুভব করুক। আর জেনে রাখ,আল্লাহ মুত্তাকিদের সাথে রয়েছেন।” (তওবাহ-১২৩)

কাফেররাতো দুনিয়ার সর্বত্রই রয়েছে। তবে কোন্ নিয়মে তাদের সাথে জিহাদ করা হবে? এ আয়াতে বলা হচ্ছে যে, কাফেরদের মধ্যে যারা তোমাদের নিকটবর্তী প্রথমে তাদের সাথে জিহাদ করবে। অতএব, মুজাহিদ্বীনদের বলছি আমাদেরকে প্রথমে নিকটবর্তী কাফের আরাকানের নাচাক্কা বাহিনীর সাথে জিহাদ করতে হবে। সুতরাং যারা "আগে নিজের দেশে জিহাদ করে পরে অন্যদেশে জিহাদ করব" বলে দাবী করে, তাদের এই দাবী নিশ্চয় জাতীয়তাবাদের দাবী- যা, ইসলাম অনুমোদিত নয়। এই নকিটবর্তী আবার দুই প্রকার হতে পারে, (১) অবস্থানের দিক দিয়ে অর্থাৎ-যারা তোমাদের নিকটে অবস্থানকারী, প্রথমে তাদের সাথে জিহাদ কর। (২) গোত্র, আত্মীয়তা ও সম্পর্কের দিক দিয়ে যারা নিকটবর্তী, অন্যান্যদের আগে তাদের সাথে জিহাদ চালিয়ে যাও। কারণ ওঁদের কল্যাণ সাধনই জিহাদের উদ্দেশ্য।

وَلْيَجِدُوْافِيْكُمْ غِلْظَةً   غِلْظَةً   অর্থ কঠোরতা, শক্তিমত্তা। বাক্যের মর্ম হল, কাফেরদের সাথে এমন ব্যবহার কর, যাতে তোমাদের কোন দূর্বলতা তাদের চোখে ধরা না পড়ে, এই কঠোরতা আর শক্তি মত্তার জন্য আমাদেরকে অবশ্যই জিহাদের ট্রেনিং গ্রহণ করতে হবে।

(৮) বল-কিভাবে তাদের সাথে জিহাদ করব?

"কাজেই গর্দানের উপর আঘাত হান এবং তাদেরকে কাট জোড়ায় জোড়ায়।" (আনফাল-১২)

আল্লাহ তা'আলা বলেন আমি এখনই কাফেরদের মনে ভীতি সঞ্চার করে দিচ্ছি। অতএব তোমরা ভীত না হয়ে পূর্ণ সাহসিকতার সহিত যুদ্ধে অগ্রসর হও এবং কাফেরদের গর্দানের উপর অস্ত্রের আঘাত হান আর তাদেরকে হত্যাকর দলে দলে।

আল্লাহ তাবারাক ওয়াতাআলা কিতাল ফরয করে চুপ থাকেননি, বরং কিভাবে করবে তাও শিখিয়ে দিয়েছেন। 'অতপর যখন তোমরা কাফেরদের সাথে যুদ্ধে অবর্তীর্ণ হও, তখন তাদের গর্দান মার, অবেশেষে যখন তাদেরকে পূণরূপে পরাভুত করবে তখন তাদেরকে শক্ত করে বেঁধে ফেল।" (মুহাম্মদ-৪) এবার আমরা শিক্ষা নিব হুজুর পাক (সাঃ) এর নিকট ঃ

হযরত আবু উসাইদ (রাঃ) বলেন, নবী করীম (সাঃ) বদর যুদ্ধের দিন ইরশাদ করেছেন, "শত্রু তোমাদের নিকটে চলে আসলে তীর নিক্ষেপ করবে আর অতি নিকটে অর্থাৎ তরবারীর নাগালের ভিতর আসার পূর্ব পর্যন্ত তরবারী কোষ মুক্ত করবে না।" (আবু দাউদ)

এ হাদীস দ্বারা দু'টি শিক্ষা পাওয়া যায় ঃ (১) শত্রু নিকটে অর্থাৎ ফায়ারের নাগালে আসার আগ পর্যন্ত ফায়ার করবেনা বরং নিরবে আত্মরক্ষা ব্যুহতে শত্রু নাগলে আসার অপেক্ষা করবে। যদি এরূপ করা না হয় বরং দূর থেকেই ফায়ার করা হয়, তাহলে প্রথমতঃ বারুদ নষ্ট হবে, দ্বিতীয়ত ঃ শত্রু মারা যাওয়ার স্থলে হুশিয়ার হয়ে যাবে। (২) ক্লাসিনকোভ ইত্যাদি আগে থেকে লোড করে এবং গুলী চেম্বারে ঢুকিয়ে রাখবেনা। যতক্ষণ পর্যন্ত দুশমনের সাথে মোকাবেলার সময় না হবে অথবা আশংকাজনক অবস্থা না হবে ততক্ষণ পর্যন্ত অস্ত্র লোড করবেনা। যেমনি ভাবে তলোয়ার আগ থেকে কোষ মুক্ত করে রাখলে আপন সাথীর শরীরে লেগে যাওয়ার ভয় থাকে, তেমনি গুলি চেম্বারে ঢুকিয়ে রাখলে তা হঠাৎ ছুটে গিয়ে কোন মুজাহিদের দেহে লেগে যাওয়ার ভয় আছে।

(৯) বল-কেউ যদি আমার সঙ্গে জিহাদে না আসে তখন আমি একা কি করব?

"হে নবী! মোমেনগনকে জিহাদের প্রতি উৎসাহিত করুন।" (আনফাল-৬৫) হযরত আনাছ (রাঃ) বর্ণনা করেছেন, (ইতিহাস প্রসিদ্ধ খন্দকের জিহাদে শত্রুর আক্রমণ পথে পরিখা খনন কার্য্য চলতেছিল) রাসূলুল্লাহ (সাঃ) পরিখা খনন কার্য্য স্থলে উপস্থিত হয়ে দেখতে পেলেন, মোহাজের ও আনছারগণ ভীষণ হিম-শীতল প্রভাতে অনাহারী অবস্থায় খনন কার্য করতেছেন। তাঁদের কোন চাকর-নকর এমন ছিল না যারা সেই কার্য সমাধা করতে পারে। সাহাবীগণের কষ্ট ক্লেশ ও ক্ষুধার যাতনা দেখতে পেয়ে হযরত (সাঃ) তাঁদের উৎসাহ বর্ধনে একটি ছন্দ পাঠ করলেন। "হে আল্লাহ! আখেরাতের সুখ-শান্তিই বাস্তব সুখ-শান্তি, আনসার ও মোহাজেরগণের সমস্ত গোনাহ-খাতা ক্ষমা করতঃ তাদের আখেরাতের জীবনকে সাফল্যমন্ডিত করে দাও।" সাহাবীগণ স্বতঃস্ফুর্ত স্বরে অপর একটি ছন্দের দ্বারা প্রতি উত্তর দান করলেন- "আমরা সেই বীর যারা মুহাম্মদ (সাঃ)-এর হাতে হাত দিয়ে অঙ্গিকারবদ্ধ হয়েছি জীবনের সর্বশেষ মুহুর্ত পর্যন্ত দ্বীনের জন্য আপ্রাণ যুদ্ধ চালিয়ে যেতে।

আবু কাতাদা (রাঃ) বর্ণনা করেছেন, আমরা রাসূল (সাঃ)-এর সঙ্গে হুনাইনের জিহাদে যাত্রা করলাম। যখন উভয় পক্ষে যুদ্ধ আরম্ভ হল তখন প্রথমদিকে মুসলমান দলের পক্ষে পশ্চাদপসারণের ন্যায় দৃশ্য দেখা গেল। ঐ সময় আমি দেখতে পেলাম, একজন মুসলমান ব্যক্তিকে একজন মুশরেক কাবু করে ফেলছে। আমি তৎক্ষণাত ঐ মুশরেকের পিছন দিকে এসে তার কাঁদের উপর তরবারীর আঘাত করলাম। তখন সে ঐ মুসলমান ব্যক্তিকে ছেড়ে দিয়ে আমাকে জড়িয়ে ধরল এবং এমন ভীষণভাবে চাপ দিল যে, মৃত্যুভাব অনুভব করলাম, কিন্তু তার শেষ নিঃশ্বাস বের হয়ে পড়ল এবং সে আমাকে ছেড়ে দিল। সে জিহাদে প্রথম অবস্থায় মুসলমান

পক্ষে যে পরাজয়ের দৃশ্য দেখা গেল সে সম্পর্কে আমি ওমর (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, লোক সকল এরূপ করল কেন? তিনি বললেন, আল্লাহর তরফ হতে অদৃষ্টে ইহাই ছিল। অতপর পশ্চাদপসারণকারী মুসলমানগণই সম্মুখে অগ্রসর হয়ে প্রবলবেগে আক্রমণ চালাল এবং মুসলমানদের জয় হল। জিহাদ সমাপ্তে রাসূল (সাঃ) এক স্থানে এসে ঘোষণা করলেন, যে ব্যক্তি কোন কাফেরকে হত্যা করেছে এবং সে সম্পর্কে প্রমাণদিতে সক্ষম হবে; তাকে সে কাফের ব্যক্তির ব্যবহার্য উপস্থিত সমুদয় সম্পদ দান করা হবে। তখন আমি যে ঐ কাফিরকে হত্যা করেছিলাম সে সম্পর্কে দাঁড়িয়ে বললাম, আমার কার্যের উপর কেউ সাক্ষী আছেন কি? এই বলে আমি বসে পড়লাম এবং এরুপে আমি তিনবার দাঁড়ালাম। তৃতীয় বার নবী (সাঃ) আমাকে বিষয়টি সম্পর্কে জিজ্ঞেস করলেন, আমি পূর্ণ ঘটনা ব্যক্ত করলাম। তখন এক ব্যক্তি দাঁড়িয়ে বলল, তাঁর দাবী সত্য, ঐ কাফেরকে তিনি হত্যা করেছেন এবং নিহত কাফেরের সম্পদ সমূহ আমার নিকট আছে, সে নবী (সাঃ)-কে অনুরুধ জ্ঞাপন পূর্বক বলল, আপনি তাঁকে সম্মত করিয়ে দিন তা যেন আমারই থাকে। আবু বকর (রাঃ) বিরোধিতা করে বললেন, হত্যাকারীকে প্রদান করাই কর্তব্য, নতুবা বীর পুরুষগণের উৎসাহ বর্ধন উদ্দেশ্য ব্যাহত হবে। রাসুল (সাঃ) আবু বকরের উক্তি সমর্থন করে ঐ সম্পদ আমাকেই প্রদান করলেন। তা এত মূল্যবান ছিল যে, একমাত্র লৌহ বর্মটি বিক্রি করে আমি একটি বাগান ক্রয় করেছি এবং মুসলমান হওয়ার পরে তাই আমার সর্বপ্রথম সম্পত্তি। (বোখারী ৩য় খন্ডঃ ১০০ পৃঃ)

পাঠক বন্ধু আমার, এতো ছিল নবী (আঃ)-এর প্রতি আল্লাহর নির্দেশ আর এ নির্দেশ তিনি সানন্দে পালন করে গিয়েছেন। বলুন তো এ দায়িত্ব এখন কার উপর বর্তিয়েছে? নিশ্চয় উলামায়ে কেরামের উপর, কেননা-"উলামাগণ বনী'র ওয়ারিছ"। দ্বিতীয়ত ঃ প্রত্যেক মু'মিনের উপর, তারা এ ফরয বিধান কেতালের প্রতি অপর মুসলমানকে আহবান করবে।

<u>(১০) বল-মানুষকে এতই উৎসাহিত করার পরও যদি কেউই জিহাদে না আসে, তখন কি আমি জিহাদ থেকে বিরত থাকব?</u>

"আল্লাহর রাহে যুদ্ধ করতে থাকুন, আপনি নিজের সত্তা ব্যতীত অন্য কোন বিষয়ের জিম্মাদার নন। আর আপনি মুসলমানদেরকে উৎসাহিত করতে থাকুন। শীঘ্রই আল্লাহ কাফেরদের শক্তি সামর্থ খর্ব করে দেবেন।" (নিসা-৮৪)

এ আয়াতের প্রথম বাক্যে রাসূলে করীম (সাঃ)-কে নির্দেশ দেওয়া হয়েছে যে, "আপনি একাই যুদ্ধের জন্য তৈরী হয়ে পড়ুন; কেউ আপনার সাথে থাক বা নাই থাক।" কিন্তু সঙ্গে সঙ্গে দ্বিতীয় বাক্যে একথাও বলা হয়েছে যে, অন্যান্য মুসলমানদেরকে এ

ব্যাপারে উৎসাহদানের কাজটিও পরিহার করবেন না। এভাবে উৎসাহদানের পরেও যদি তারা যুদ্ধের জন্য উদ্বুদ্ধ না হয়, তবে আপনার দায়িত্ব পালিত হয়ে গেল; তাদের কর্মের জন্য আপনাকে জবাবদিহী করতে হবেনা। এতদসঙ্গে একা যুদ্ধ করতে গিয়ে যেসব বিপদাশঙ্কা দেখা দিতে পারে, তার প্রেক্ষিতে বলা হয়েছে-"আশা করা যায় আল্লাহ কাফেরদের যুদ্ধ বন্ধ করে দেবেন এবং তাদেরকে ভীত ও পরাজিত করে দেবেন। আর আপনাকে একাই জয়ী করবেন।"

প্রিয় পাঠক বন্ধু আমার! এখান থেকেই শিক্ষা গ্রহণ করুন। আমার পরওয়ারদিগার, নবীউস সাইফ (সাঃ)-কে এ নির্দেশ দিলেন তাঁর উম্মতের শিক্ষার জন্য।

(১১) বল-আমরা সংখ্যায় কম হওয়াতে জিহাদ থেকে বিরত থাকব না দৃঢ়পদ থাকব?

"কাজেই তোমাদের মধ্যে যদি দৃঢ়চিত্ত একশ' লোক বিদ্যমান থাকে তবে জয়ী হবে দু'শর উপর। আর যদি তোমরা এক হাজার হও তবে আল্লাহর হুকুম অনুযায়ী জয়ী হবে দু'হাজারের উপর। আর আল্লাহ রয়েছেন দৃঢ়চিত্ত লোকদের সাথে।" (আনফাল-৬৬)

আমরা যদি বিজয়ের অটুট মনোবল নিয়ে পূর্ণ ঈমানের সহিত কাফেরের মোকাবিলায় দৃঢ়পদ থাকি তাহলে অবশ্যই আল্লাহর ওয়াদা অনুযায়ী আমরা বিজয় লাভ করব। সাহাবায়ে কেরাম (রাঃ) এভাবেই তো বিজয় ছিনিয়ে এনেছিলেন অথচ তাঁরা ছিলেন সংখ্যায় কম। ইতিহাসের পাতায় দেখা যায় আল্লাহর দুশমনের সাথে মুজাহিদের দ্বিপাক্ষিক যুদ্ধে ঐ অল্প সংখ্যক মুজাহিদগণই বিজয় লাভ করে আসছে।

(১২) বল-কিভাবে দৃঢ়পদ থাকব?

হে আল্লাহ! চতুর্দিক থেকে গোলা বারুদ নিক্ষিপ্ত হচ্ছে; সামনে থেকে দৈত্যাকারের বিশাল ট্যাংক ধেয়ে আসছে, মাথার উপর থেকে যুদ্ধ বিমান বোমা নিক্ষেপ করছে, বোমার বিষ্ফোরণে পৃথিবী অন্ধকার দেখা যাচ্ছে, এমন ভয়াবহ কঠিন অবস্থায় কিভাবে যুদ্ধের মাঠে দৃঢ়পদ থাকব! এখন আল্লাহ তা'আলা স্পষ্ট ভাষায় বলে দিচ্ছেন-

"হে ঈমানদারগণ, তোমরা যখন কোন বাহিনীর সাথে সংঘাতে লিপ্ত হও, তখন সুদৃঢ় থাক এবং আল্লাহকে অধিক পরিমাণে স্মরণ কর যাতে তোমরা উদ্দেশ্যে কৃতকার্য হতে পার।" (আনফাল-৪৫)

এখানে আল্লাহপাক মুজাহিদীনে ইসলামকে দুটি বিশেষ হেদায়ত দান করেছেন। প্রথমটি হল 'দৃঢ়তা' পৃথিবীর প্রতিটি জাতি নিজেদের যুদ্ধে এই দৃঢ়তারই উপর বিশেষ গুরুত্ব আরোপ করে থাকে। দ্বিতীয়টি হল আল্লাহর যিকির এটি সেই বিশেষ ধরনের আধ্যাত্মিক হাতিয়ার যার ব্যাপারে ঈমানদারগণ ব্যতীত সাধারণ পৃথিবী

গাফেল। সমগ্র পৃথিবী যুদ্ধের জন্য সর্বোত্তম অস্ত্রশস্ত্র, আধুনিকতম সাজ-সরঞ্জাম ও উপায়-উপকরণ সংগ্রহ করার জন্য পরিপূর্ণ চেষ্টা নেয়। কিন্তু মুসলমানদের আধ্যাত্মিক ও পার্থিব এ হাতিয়ার সম্পর্কে তারা অপরিচিত ও অজ্ঞ। সে কারণেই এই হেদায়ত, এই নির্দেশনামা। আজ আফগান-তালেবানগণ এই দেহায়াত গ্রহণ করেছেন বলেই পৃথিবীর তাবৎ শক্তি সমূহ তাদের প্রতি ভীত সন্ত্রস্ত।

হে মুজাহিদ ভাইয়েরা আমার! আপনারা যদি আল্লাহর রাহে যুদ্ধের ময়দানে দৃঢ়পদ থেকে বুকটান করে যুদ্ধ চালিয়ে যাওয়ার ইচ্ছা রাখেন, তবেই আল্লাহ আপনাদেরকে দৃঢ় প্রতিষ্ঠিত রাখবেন, আল্লাহ বলেন-“হে বিশ্বাসীগণ! যদি তোমরা আল্লাহকে সাহায্য কর আল্লাহ তোমাদেরকে সাহায্য করবেন এবং তোমাদের দৃঢ় প্রতিষ্ঠ করবেন।” (মুহাম্মদ-৭)
“হে ঈমানদারগণ! ধৈর্যধারণ কর এবং মোকাবিলায় দৃঢ়তা অবলম্বন কর। আর আল্লাহকে ভয় করতে থাক যাতে তোমরা তোমাদের উদ্দেশ্য লাভে সমর্থ হতে পার।” (ইমরান-২০০)

(১৩) বল-আমাদের যদি যুদ্ধাস্ত্র কম থাকে তখনো কি আমরা জিহাদ করব?

“তোমরা বের হয়ে পড় স্বল্প বা প্রচুর সরঞ্জামের সাথে এবং জিহাদ কর আল্লাহর পথে নিজেদের মাল ও জান দিয়ে, এটি তোমাদের জন্যে অতি উত্তম, যদি তোমরা বুঝতে পার।” (তাওবাহ-৪১)

আল্লাহ তাঁর আপন বান্দাগণকে একথাই বুঝিয়েছেন যে, জিহাদে বের হওয়ার জন্য রাসূলুল্লাহ (সাঃ) যখন তোমাদেরকে আদেশ করেন, তখন সর্বাবস্থায় তা তোমাদের জন্য ফরয হয়ে গেল। আর এ আদেশ পালনের মাঝেই নিহিত রয়েছে তোমাদের সমুদয় কল্যাণ।

পৃথিবীর যে কোন স্থানে কোন মানুষ নির্যাতিত হচ্ছে খোঁজ নিলে দেখা যাবে যে, ঐ নির্যাতিতরা মুসলমান। নুবুয়তের সুতীক্ষ্ম দৃষ্টি দ্বারা চৌদ্দশত বছর পূর্বে আপন উম্মতের এই দৈন্যদশা দেখইেতো আমার নবী, নবী উস্‌সাইফ (সাঃ) বলেছিলেন- اَلْجِهَادُ مَاضٍ اِلٰى يَوْمِ الْقِيَامِةِ এই জিহাদ ক্বিয়ামত পর্যন্ত বলবৎ থাকবে। উপরন্তু আল্লাহর নির্দেশ হল যা আছে তা নিয়ে বের হও। তোমাদের সফলতা লাভের জন্য এ পরিমাণ যুদ্ধোপকরণ ও অস্ত্রশস্ত্র অপরিহার্য নয় যে, তোমাদের প্রতিপক্ষের নিকট যে ধরনের এবং যে পরিমাণ উপকরণ রয়েছে, বরং সামর্থ্য অনুযায়ী যা কিছু উপকরণ জোগাড় করতে পার তাই সংগ্রহ করে নাও, তবে সেটুকুই যথেষ্ট, আল্লাহর সাহায্য ও সহায়তা অবশ্যই তোমাদের সঙ্গে থাকবে।

সিরিয়ার মুসলমানদের সেই জিহাদের কথা মনে পড়ল-যখন কাফিররা মুসলিম রমনীকে বন্দী করে সারিতে দাঁড় করিয়ে যৌন লালসা নিবৃত্তকরণের ধৃষ্টতা দেখিয়ে আঙ্গুলের ইশারায় নিজেরা বন্টন করে নিচ্ছিল, তখন হযরত জাররা (রাঃ)-এর বীরঙ্গনা বোন হযরত খাওলা (রাঃ) সকল মহিলাকে বললেনঃ বোনেরা আমার! অবশ্যই দেখেছ কাফিররা তোমাদেরকে ভোগ করার উদ্দেশ্যে এইতো এখন আঙ্গুলের ইশারায় পরস্পর ভাগ-বন্টন করে নিল। তোমরা তাদের ভোগের খোরাক হতে যাচ্ছ। হে কুরাইশ বীর কন্যাগণ! হে আরবের মর্যাদাদীপ্ত মা ও ভগ্নীগণ! ইসলামের জন্য যাদের জীবন উৎসর্গিত, ইসলামের ছায়ায় আশ্রয় নিয়ে যাদের জীবন আজ ধন্য তারা আজ এই সময় কেন আপন মর্যাদা রক্ষায় স্ফুলিংগের মত জ্বলে উঠছে না! কেন তারা প্রতিরোধ গড়ে তুলে কাফিরের নাপাক অস্তিত্ব পৃথিবী থেকে মুছে দিচ্ছে না! একথা শুনে সকল মহিলা উত্তেজনায় কাঁপতে লাগল। তারা বলল, হে খাওলা! আমরা ভীরু নই, কিন্তু লড়ব কি দিয়ে, একটি তরবারীও তো আমাদের নিকট নেই। খাওলা (রাঃ) বললেন, তাঁবুর খুঁটিও কি নেই? আর কিছু না হলেও আপন অমলিন চরিত্র ও উঁচু মর্যাদা সুরক্ষার স্বার্থে শরীরের রক্ততো ঝরাতে পারব। তোমরা ঝাঁপিয়ে পড়।

তাদের তাঁবুর বাইরে পাহারাদার টহল দিচ্ছিল। হঠাৎ পাহারাদারের মাথায় আঘাত করলে সে মাটিতে পড়ে যায়। তার হাতের তরবারী খানা মুজাহিদ মহিলাগণ দখল করে নেন। অল্প সময়ের মধ্যে আরও কয়েকখানা তরবারী তাঁদের হাতে আসে। এহেন সঙ্গীন অবস্থা দেখে সৈনিকরা তাদেরকে ঘিরে ফেলে। কিন্তু কেউ তাঁদের সামনে আসার সাহস পাচ্ছিলনা। সকল মহিলা লাঠি ঘুরিয়ে কাফিরদের তাড়িয়ে দিচ্ছিলেন। মহিলাদের দমন করার জন্য তাদের চেষ্টায় ত্রুটি ছিল না। কিন্তু তাদের সাথে পারছেনা। জীবন-মরণ লড়ে যাচ্ছেন ইসলামের শ্রেষ্ঠ রমনীগণ। এমন সময় দূর থেকে "তাকবীরের" আওয়াজ শুনা গেল। পৃথিবী তাকিয়ে দেখল, এদিকেই এগিয়ে আসছেন ইতিহাসের শ্রেষ্ঠ যোদ্ধা আল্লাহর তরবারী খালেদ ইবনে ওয়ালিদ (রাঃ)। আকাশ-বাতাস কাঁপানো তার "তাকবীর" ধ্বনী শুনে কাফির সেনারা সন্ত্রস্ত হল। যুদ্ধরত রমনীগণও তাকবীর দিয়ে নবচেতনায় ঝাঁপিয়ে পড়ল ব্যূহ ভেদ করে কাফিরদের উপর। একটি কাফির ও সেদিন জীবন বাঁচিয়ে ফিরে যেতে পারেনি। অথচ কিছুক্ষণ আগে এদের হাতেই বন্দী ছিল পরাজিত রমনীগণ! আর এখন তাঁরাই বিজয়ী।

এবার একটু লক্ষ্য করুন আল্লাহ তা'আলা যখন জিহাদ ফরয করছিলেন তখন মুসলমানদের সংখ্যা যেমন কম ছিল তেমনি সমরাস্ত্র ও কম ছিল।

তাইতো আল্লাহ যথার্থই বলেছিলেন- وَإِنَّ اللّٰهَ عَلٰى نَصْرِهِمْ لَقَدِيْرٌ

(১৪) বল-জিহাদ চলাকালীন সময় আল্লাহ তা'আলা আমাদেরকে কি সাহায্য করবেন?

"আল্লাহ মুমিনদের থেকে শত্রুদেরকে হটিয়ে দেবেন। আল্লাহ কোন বিশ্বাসঘাতক অকৃতজ্ঞকে পছন্দ করেন না।" (হজ্জ-৩৮)

"নিশ্চয় দুটো দলের মোকাবিলার মধ্যে তোমাদের জন্য নিদর্শন ছিল। একটি দল আল্লাহর রাহে যুদ্ধ করে। আর অপর দল ছিল কাফেরদের, এরা স্বচক্ষে তাঁদেরকে দ্বিগুণ দেখছিল। আর আল্লাহ যাকে ইচ্ছা নিজের সাহায্যের মাধ্যমে শক্তিদান করেন। এরই মধ্যে শিক্ষনীয় রয়েছে দৃষ্টি সম্পন্নদের জন্য।" (ইমরান:১৩)

"যৎ সামান্য কষ্ট দেওয়া ছাড়া তারা তোমাদের কোন ক্ষতি করতে পারবেনা। আর যদি তারা তোমাদের সাথে লড়াই করে, তাহলে তারা পশ্চাদপসারণ করবে, অতঃপর তাদের সাহায্য করা হবে না।" (ইমরান-১১১)

"অথচ আল্লাহ তোমাদের শত্রুদেরকে যথার্থই জানেন। আর অভিভাবক হিসেবে আল্লাহই যথেষ্ট এবং সাহায্যকারী হিসেবেও আল্লাহই যথেষ্ট।" (নিসা-৪৫)

"আল্লাহ তোমাদের সাহায্য করেছেন অনেক ক্ষেত্রে এবং হোনাইনের দিনে, যখন তোমাদের সংখ্যাধিক্য তোমাদের প্রফুল্ল করেছিল, কিন্তু তা তোমাদের কোন কাজে আসেনি।" (তওবাহ-২৫)

সুপ্রিয় পাঠক বন্ধু আমার! আল্লাহর এইসব নিশ্চয়তাপূর্ণ প্রতিশ্রুতির প্রতি কি আপনার বিশ্বাস নেই? যদি বিশ্বাস থাকে এখনই চলে আসুন জিহাদের ময়দানে। আর যদি মৃত্যুকে ভয় করে জিহাদের ময়দানে না আসেন, তাহলে আল্লাহর এই বাণী জেনে রাখুন-"তোমরা যেখানেই থাকনা কেন; মৃত্যু কিন্তু তোমাদেরকে পাকড়াও করবেই। যদি তোমরা সুদৃঢ় দূর্গের ভেতরেও অবস্থান কর, তবুও।" (নিসা-৭৮)

(১৫) বল-আল্লাহর সাহায্যের ফেরেস্তারাও কি আমাদের পক্ষ হয়ে জিহাদ করবে?

"আপনি যখন বলতে লাগলেন মু'মিনগণকে তোমাদের জন্য কি যথেষ্ট নয় যে, তোমাদের সাহায্যার্থে তোমাদের পালনকর্তা আসমান থেকে অবতীর্ণ তিন হাজার ফেরেস্তা পাঠাবেন! অবশ্য তোমরা যদি সবর কর এবং বিরত থাক আর তারা যদি তখনই তোমাদের উপর চড়াও হয়, তাহলে তোমাদের পালনকর্তা চিহ্নিত ঘোড়ার উপর পাঁচ হাজার ফেরেস্তা তোমাদের সাহায্যে পাঠাতে পারেন। বস্তুতঃ এটাতো আল্লাহ তোমাদের সুসংবাদ দান করলেন, যাতে তোমাদের মনে এতে শান্তনা আসতে পারে। আর সাহায্য শুধুমাত্র পরাক্রান্ত, মহাজ্ঞানী আল্লাহরই পক্ষ থেকে।" (ইমরান-১২৫-১২৬)

"তোমরা যখন ফরিয়াদ করতে আরম্ভ করেছিলে স্বীয় পরওয়ারদিগারের নিকট,

তখন তিনি তোমাদের ফরিয়াদের মঞ্জুরী দান করলেন যে, আমি তোমাদেরকে সাহায্য করব ধারাবাহিকভাবে আগত হাজার ফেরেস্তার মাধ্যমে। আর আল্লাহ তো শুধু সুসংবাদ দান করলেন যাতে তোমাদের মন আশ্বস্ত হতে পারে। আর সাহায্য আল্লাহর পক্ষ থেকে ছাড়া অন্য কারো পক্ষ থেকে হতে পারে না। নিঃসন্দেহে তিনি মহাশক্তির অধিকারী, হেকমতওয়ালা"। (আনফাল-৯,১০)

"যখন নির্দেশ দান করেন ফেরেস্তাদিগকে তোমাদের পরওয়ারদেগার যে, আমি সাথে রয়েছি তোমাদের সুতরাং তোমরা মুসলমানদের চিত্ত সমূহকে ধীরস্থির করে রাখ। আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করে দেব।" (আনফাল-১২)

"অতঃপর আল্লাহ নাযিল করেন নিজের পক্ষ থেকে শান্তনা তাঁর রাসূল ও মু'মিনদের প্রতি এবং অবতীর্ণ করেন এমন সেনা বাহিনী যাঁদের তোমরা দেখতে পাওনি। আর শাস্তি প্রদান করেন কাফেরদের এবং এটি কাফেরদের কর্মফল।" (তওবাহ-২৬)

পাঠক বন্ধু আমার! কোরআনের এরূপ উক্তি থেকে কি আপনার বুঝে আসছেনা আল্লাহ ফেরেস্তার মাধ্যমে মুজাহিদদের সাহায্য করেন এবং তারাও কাফেরের সাথে সম্মুখ যুদ্ধে অবতীর্ণ হন। কোরান বলে ৯০০ ফেরেস্তা মোজাহিদের পক্ষ হয়ে কাফেরদের বিরুদ্ধে জিহাদ করে। অতএব আমাদের আর কোন ভয় নেই।
এক ফরাসী সাংবাদিক বলেছিলেন-

"আমি আফগানিস্তানে জিহাদের রিপোর্ট সংগ্রহ করতে গিয়েছিলাম। যুদ্ধের ভেতর বহুদিন সেদেশে কাটিয়েছি। দেশে ফিরে ইসলাম গ্রহণ করেছি। আমি মুজাহিদদের আল্লাহকে তাদের সাথে মিলিত হয়ে যুদ্ধ করতে দেখেছি।"

আল্লাহর সাহায্য দেখে কাট্টা কাফেরও ইসলাম গ্রহণ করছে, কিন্তু এখনো কি আপনার মনে এরূপ এলোপাতাড়ি প্রশ্ন জাগবে? আল্লাহর দোহায় দিয়ে বলছি অতি- সত্ত্বর তাঁর দরবারে তওবাহ প্রার্থনা করুন। কোরআন হাদীস পড়ে, বুঝে-শুনে আমলে লাগুন তবেই আল্লাহর সন্তুষ্টি ও জান্নাতের আশা করা যাবে। আরও অনুরোধ করব আপনার এই তওবা প্রার্থনাটি যেন জিহাদের ময়দানে হয়; কেননা জিহাদের ময়দানে যে কোন প্রার্থনা আল্লাহর দরবারে নবীগণের প্রার্থনা সম কবুল হয়।

(১৬) বল-কাফেরদের পরাস্ত করে যদি তাদের কোন ধন-সম্পদ পেয়ে যাই তবে, উহা কি আমরা ব্যবহার করতে পারব?

"সুতরাং তোমরা খাও গনীমত হিসেবে তোমরা যে পরিচ্ছন্ন ও হালাল বস্তু অর্জন করেছ তা থেকে।" (আনফাল-৬৯)

"আল্লাহ তোমাদেরকে বিপুল পরিমাণ যুদ্ধলব্ধ সম্পদের ওয়াদা দিয়েছেন, যা তোমরা লাভ করবে। তিনি তা তোমাদের জন্য তরান্বিত করবেন"। (ফাত্হ-২০)

কাফেরদের পরাস্ত করে যে সম্পদ পাওয়া যাবে তাকে কোরআন গনীমত বলছে আর তা মুজাহিদদের জন্য হালাল করে দেওয়া হয়েছে।

হযরত আবু হুরায়রা (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী করীম (সাঃ) ইরশাদ করেছেন, "আমার পূর্বের কোন জাতির জন্য গনীমতের মাল হালাল ছিলনা। আল্লাহ পাক আমাদের দুর্বলতা এবং অক্ষমতার দিকে লক্ষ করে আমাদের জন্য তা হালাল করে দিয়েছেন।" (বোখারী ও মুসলিম)

পূর্বের উম্মতদের জন্য গনীমতের মাল হালাল ছিলনা। তাঁরা গনীমতের মাল সমূহ এক স্থানে জমা করলে আকাশ থেকে আগুন এসে তা জ্বালিয়ে ফেলত। আগুন এসে সে মাল জ্বালিয়ে না ফেললে বুঝা যেত, উক্ত জিহাদ আল্লাহর দরবারে কবুল হয়নি।

(১৭) বল-সমস্ত গনীমত কি শুধু কমান্ডার সাহেব নিয়ে নিবেন?

"আপনার কাছে জিজ্ঞেস করে, গনীমতের হুকুম সম্পর্কে। বলে দিন-গনীমতের মাল হল আল্লাহর এবং রাসূলের।" (আনফাল-১)

"আর এ কথাও জেনে রাখ যে, কোন বস্তু-সামগ্রীর মধ্য থেকে যা কিছু তোমরা গনীমত হিসেবে পাবে, তার এক পঞ্চামাংশ হল আল্লাহর জন্য, রাসূলের জন্য, তাঁর নিকট আত্মীয়-স্বজনের জন্য এবং এতিম-অসহায় ও মুসাফিরদের জন্য; যদি তোমাদের বিশ্বাস থাকে আল্লাহর উপর এবং সে বিষয়ের উপর যা আমি আমার বান্দার প্রতি অবতীর্ণ করেছি ফায়সালার দিনে, যে দিন সম্মুখীন হয়ে যায় উভয় সেনাদল। আর আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাসীন।" (আনফাল-৪১)

"আল্লাহ বনু-নুযায়রের কাছ থেকে তাঁর রাসূলকে যে ধনসম্পদ দিয়েছেন, তজ্জন্যে তোমরা ঘোড়ায় কিংবা উটে চড়ে যুদ্ধ করনি, কিন্তু আল্লাহ যার উপর উচ্ছা তাঁর রাসূলগণকে প্রাধান্য দান করেন। আল্লাহ সবকিছুর উপর সর্বশক্তিমান।" (হাশর-৬)

আগেই বলা হয়েছে, কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ ও জিহাদের ফলশ্রুতিতে যে ধন-সম্পদ মুসলমানদের হস্তগত হয়, তাই গনীমতের মাল। যুদ্ধ ও জিহাদ ব্যতিরেখে তাদের থেকে যে সম্পদ অর্জিত হয়, যে সব মাল ফেলে রেখে তারা পলায়ন করে অথবা জিযিয়া ও খেরাজ আকারে সম্মতিক্রমে প্রদান করে এসবই 'ফায়'-এর অন্তর্ভুক্ত এগুলোর ৬ প্রকার ব্যয় খাতের কথা উল্লেখ করা হয়েছে-আল্লাহ, রাসূল, আত্মীয়-স্বজন, এতিম, মিসকিন, মুসাফির। বলাবাহুল্য যে, আল্লাহ তা'আলা দুনিয়া

আখেরাত ও সমস্ত সৃষ্টি জগতের মালিক, তাঁর পবিত্র নামে অংশ বর্ণনা নিছক বরকতের জন্য উল্লেখ করা হয়েছে। এতে ইঙ্গিত রয়েছে যে, এই ধন-সম্পদ অভিজাত, ফযীলতময় হালাল ও পুতঃপবিত্র।

এখন সর্বমোট ব্যয়খাত রয়ে গেল ৫টি। রাসূল, আত্মীয়-স্বজন, এতিম, মিসকীন ও মসাফির। এরা গনীমতের সম্পদের এক পঞ্চমাংশের হকদার এবং সে সঙ্গে ফায়-এর সম্পদের হকদারও এরাই। গনীমত ও ফায় উভয় প্রকার সম্পদের হুকুম এই যে, এগুলো প্রকৃত পক্ষে রাসূল (সাঃ) ও তৎপরবর্তী সময়ে খলিফাগণের পূর্ণ এখতিয়ারে থাকবে। তাঁরা ইচ্ছা করলে এই ধন-সম্পদ সাধারণ মুসলমানদের উপকারার্থে বায়তুল মালে জমা করতে পারেন অথবা ইচ্ছে করলে বন্টনও করতে পারেন। তবে বন্টন করলে উপরে বর্ণিত ৫ প্রকার হকদারের মধ্যে সীমিত থাকতে হবে। (মাসায়েলে মা'আরিফুল কোরআ-১৬২ পৃঃ)

হযরত ইবনে ওমর (রাঃ) বলেন, "আমরা যুদ্ধ চলাকালে (শত্রুদের) মধু এবং আঙ্গুর পেলে খেয়ে ফেলতাম তা বন্টন করার জন্য রাসূলে করীমের (সাঃ) নিকট নিয়ে যেতাম না।" (বোখারী)

এ ব্যাপারে ফেকাহবিদগণ একমত যে, মুজাহিদগণ যতক্ষণ পর্যন্ত দারুল হরবে (শত্রু কবলিত দেশে) থাকেন ততক্ষণ পর্যন্ত গনীমতে পাওয়া খাদ্য সামগ্রী (রুটি, গোস্ত ইত্যাদি) বন্টন হওয়ার পূর্বে প্রয়োজনমত পানাহার করতে পারেন। গনীমতের বিভিন্ন প্রকার মাল ও তার হুকুম আহকাম নিম্নে দেয়া হলো।
বর্তমান যুগে গনীমতের মাল দু'ধরনের হবে। খাদ্য ও পেয় সামগ্রী, খাদ্যও নয় পেয়েও নয় অন্য রকম সামগ্রী। প্রথম প্রকার আবার দু'ধরনের-আহার্য ও ঔষধ জাতীয়। এমনিভাবে খাদ্যও নয় পেয়েও নয় অন্য রকম সামগ্রী ও দু'ধরনের। অস্ত্র, অস্ত্র নয় এমন। সারকথাঃ গনীমতের মাল চার প্রকার (১) আহার্য্য সামগ্রী, যেমন-গোস্ত, রুটি, ঘি, মধু, চিনি, গুড়, ফল, পিয়াজ অথবা গরু-ছাগল যা জবেহ করে খাওয়া যায়। (২) ঔষধ (৩) অস্ত্র (৪) অস্ত্র ছাড়া অন্য কিছু। যেমন-কাপড়, কম্বল ইত্যাদি।

প্রথম প্রকারের হুকুমঃ মুজাহিদগণ যতক্ষণ পর্যন্ত দারুল হরবে থাকবেন ততক্ষণ পর্যন্ত প্রয়োজন অনুপাতে এ প্রকার গনীমতের মাল থেকে বন্টনের পূর্বে খেতে পারবেন। গরু-ছাগল হলে তা জবেহ করতে পারবেন। তবে চামড়াটা অবশ্যই বায়তুল মালে জমা করে দিতে হবে।

দ্বিতীয় প্রকারের হুকুম ঃ তা কেউ ব্যবহার করতে পারবেনা। পাওয়া মাত্রই বায়তুল মালে জমা দিতে হবে তবে কোন মুজাহিদ যদি রোগী হন এবং প্রাপ্ত

ঔষধ তার প্রয়োজন হয়, তাহলে তিনি তা ব্যবহার করতে পারবেন।

তৃতীয় ও চতুর্থ প্রকারের হুকুম ঃ এসব গনীমতের মাল তৎক্ষণাত মারকাযে জমা দিতে হবে। এসব মাল বন্টন হওয়ার পূর্বে কোন মুজাহিদ নিজের কাছে রাখতে পারবেনা। তবে যদি কোন মুজাহিদের গুলি শেষ হয়ে গিয়ে থাকে অথবা মেগ্‌জিন, বন্দুক, সওয়ারী, গরম কাপড় ইত্যাদির প্রয়োজন দেখা দেয়, তাহলে বন্টন হওয়ার পূর্বে আমীরের অনুমতিক্রমে যুদ্ধ শেষ হওয়া পর্যন্ত এসব সামগ্রী ব্যবহার করতে পারবে। যুদ্ধ শেষ হওয়া মাত্র এসব সামগ্রী মারকাযে জমা দিয়ে দিতে হবে। যদি যুদ্ধ শেষ হওয়ার পূর্বে সে বস্তু নষ্ট হয়ে যায় তাহলে তার ক্ষতিপূরণ দিতে হবে না।

(১৮) বল-জিহাদের পরে যারা (কাফেররা) আমাদের হাতে বন্ধি হবে তাদেরকে কি করব?

“হে নবী! তাদেরকে বলে দাও, যারা তোমার হাতে বন্ধি হয়ে আছে, আল্লাহ যদি তোমাদের অন্তরে কোন রকম মঙ্গল চিন্তা রয়েছে বলে জানেন, তবে তোমাদেরকে তার চেয়ে বেশী দান করবেন যা তোমাদের কাছ থেকে বিনিময়ে নেয়া হয়েছে। তাছাড়া তোমারদেক তিনি ক্ষমা দেবেন। বস্তুতঃ আল্লাহ ক্ষমাশীল করুণাময়।” (আনফাল-৭০)

“অতঃপর যখন তেমরা কাফেরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও, তখন তাদের গর্দান মার, অবেশেষে যখন তাদেরকে পূণরূপে পরাভূত করবে তখন তাদেরকে শক্ত করে বেঁধে ফেল। অতঃপর হয় তাদের প্রতি অনুগ্রহ কর, না হয় তাদের নিকট হতে মুক্তি পণ নাও।” (মুহাম্মদ-৪)

মাসআলা ঃ যুদ্ধ বন্ধীদেরকে হত্যা করা বা দাসে পরিণত করার বিষয়ে মুসলিম শাসন কর্তার পূর্ণ অধিকার রয়েছে, এ বিষয়ে সমগ্র উম্মত একমত; অবশ্য মুক্তিপণ নিয়ে বা মুক্তিপণ ব্যতিরেখে ছেড়ে দেওয়ার বিষয়ে যদিও কিছু মতানৈক্য রয়েছে, কিন্তু অধিকাংশ ফেকাহ্‌বিদগণের মতে উপরোক্ত উভয় পন্থাই জায়েয।

মাসআলা ঃ যুদ্ধ বন্ধিদেরকে দাসে পরিণত করার বিধান কেবল বৈধতা পর্যন্ত সীমিত। অর্থাৎ ইসলামী হুকুমত যদি সমীচিন বিবেচনা করে, তবে তাদেরক দাসে পরিণত করতে পারে, এরূপ করা মুস্তাহাব বা ওয়াজীব নয়। বরং কোরআন ও হাদীসের সমষ্টিগত বাণী থেকে মুক্ত করাই আফ্‌যল বা উত্তম বলে বোঝা যায়। দাসে পরিণত করার অনুমতিও তখন, যখন শত্রু পক্ষের সাথে এর বিপরীত কোন চুক্তি হয়ে যায় যে, তারা আমাদের বন্ধিদেরকে দাসে পরিণত করবেনা এবং আমরাও তাদের বন্ধিদেরকে দাসে পরিণত করব না; তবে এ চুক্তি মেনে চলা অবশ্য জরুরী

হবে। বর্তমানে অনেক দেশ পরস্পর এ চুক্তিতে আবদ্ধ রয়েছে। যে সমস্ত ইসলামী দেশ এরূপ চুক্তিতে আবদ্ধ রয়েছে, তাদের জন্য চুক্তি বিদ্যমান থাকা পর্যন্ত শত্রু পক্ষের যুদ্ধ বন্ধিদেরকে দাসে পরিণত করা জায়েয হবেনা। (মাসায়েলে মা'আরিফুল কো ঃ ১৫৯০-১৬০ পৃঃ)

(১৯) বল-আমরা মনে করি-কাফেররা এক সংঘবদ্ধ শক্তি আসলে কি তাই?

"তারা সংঘবদ্ধভাবেও তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতে পারবেনা। তারা যুদ্ধ করবে কেবল সুরক্ষিত জনপদে অথবা দুর্গ প্রাচীরের আড়ালে থেকে। তাদের পারস্পরিক যুদ্ধই প্রচন্ড হয়ে থাকে। আপনি তাদেরকে ঐক্যবদ্ধ মনে করবেন; কিন্তু তাদের অন্তর শতধাবিচ্ছিন্ন। এটা এ কারণে যে, তারা এক কান্ডজ্ঞানহীন সম্প্রদায়।" (হাশর-১৪)

যুদ্ধের ময়দানে ক্যাম্পে অবস্থানকারী কাফেরদের কোন এক জনের শরীরে যখন মুজাহিদদের নিক্ষিপ্ত বুলেট এসে বিদ্ধ হয় আর যখন সে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে তার এই অবস্থা দেখে অন্যান্য কাফেররাও পিছনে ছুটতে থাকে। এ ব্যাপারটি কোরআনে আল্লাহ্ তা'আলা এভাবে উল্লেখ করেছেন ঃ ইহুদীরা দাবী করে বলেছিল, আমরা আল্লাহর সন্তান। আমরাই আল্লাহর প্রিয় পাত্র। এরই পরিপ্রেক্ষিতে বলা হয়েছেঃ

"যদি তোমরা সত্যবাদী হয়ে থাক, তবে মৃত্যু কামনা কর।" (বাক্বারা-৯৪) মৃত্যু অতিদ্রুত তোমাদেরকে মিলিত করবে তোমাদের প্রেমাস্পদ আল্লাহর সাথে। প্রত্যেক প্রেমিক প্রেমাস্পদের মিলন কামনা করে। তোমাদের প্রেমাস্পদ আল্লাহর সাথে তোমাদের মিলনে একমাত্র বাঁধা মৃত্যু। অতএব মৃত্যুর ময়দানে তথা জিহাদের ময়দানে এস। কিন্তু-"কস্মিনকালেও তারা মৃত্যু কামনা করবে না।" (বাক্বারা-৯৫) মৃত্যুর ঘনঘটা শুরু হলে তারা সেখান থেকে দূরে পালায় এবং বলে যেখানে মরণ আছে সেখানে আমরা নেই। অপর দিকে মুজাহিদরা মৃত্যুকে ভয় করেনা বরং তারা শাহাদাতের সুধা পান করার জন্য সদা অপেক্ষমান।

(২০) বল-কেউ যদি ভয়ে ময়দান থেকে পালিয়ে যায়, তার জন্য কি বিধান?

"হে ঈমানদারগণ, তোমরা যখন কাফেরদের মুখোমুখী হবে, তখন পশ্চাদ-পসারণ করবেনা। আর যে লোক সে দিন তাদের থেকে পশ্চাদ পসারণ করবে, অবশ্য যে লড়াইয়ের কৌশল পরিবর্তন কল্পে কিংবা যে নিজ সৈন্যদের নিকট আশ্রয় নিতে আসে সে ব্যতীত অন্যরা আল্লাহর গজব সাথে নিয়ে প্রত্যাবর্তন করবে। আর তার ঠিকানা হল জাহান্নাম। বস্তুতঃ সেটা হল নিকৃষ্ট অবস্থান।" (আনফাল-১৫,১৬)

উল্লেখিত আয়াত দু'টিতে ইসলামের একটি সমরনীতি বাতলে দেওয়া হয়েছে।

১৫নং-এর মর্মার্থ হল, উভয় বাহিনীর মোকাবিলা ও মুখোমুখি সংঘর্ষ। অর্থাৎ-যুদ্ধ আরম্ভ হয়ে যাবার পর পশ্চাদপসারণ এবং যুদ্ধ ক্ষেত্র থেকে পালিয়ে যাওয়া মুসলমানদের জন্য জায়েয নয়। অতঃপর ১৬ নং আয়াতে এ হুকুমের আওতা থেকে একটি অব্যাহতি এবং নাজায়েয পন্থায় পলায়ন কারীদের সুকঠিন আযাবের বিষয় বর্ণনা করা হয়েছে। বলা হচ্ছে-যুদ্ধাবস্থায় পশ্চাদপসারণ করা দুই অবস্থায় জায়েয।

প্রথমত ঃ যুদ্ধক্ষেত্র থেকে এ পশ্চাদপসারণ হবে শুধুমাত্র যুদ্ধের কৌশল স্বরুপ, শত্রুকে দেখাবার জন্য। প্রকৃতপক্ষে এতে যুদ্ধ ছেড়ে পলায়নের কোন উদ্দেশ্য থাকবেনা; বরং প্রতিপক্ষকে অসতর্কাবস্থায় ফেলে হঠাৎ আক্রমণ করাই থাকবে এর প্রকৃত উদ্দেশ্য। দ্বিতীয়ত ঃ বিশেষ কোন অবস্থা যাতে সমর ক্ষেত্র থেকে পশ্চাদপসারণের অনুমতি রয়েছে, তাহল এই যে, নিজেদের উপস্থিত সৈন্যদের দূর্বলতা বোধ করে সে জন্য পেছনের দিকে সরে আসা, যাতে মুজাহিদগণ অতিরিক্ত শক্তি অর্জন করে পুনরায় আক্রমণ করতে সক্ষম হয়।

এই স্বতন্ত্রতার বর্ণনার পর সে সব লোকের শাস্তির কথা বলা হয়েছে, যারা এই স্বতন্ত্রাবস্থা ছাড়াই অবৈধভাবে যুদ্ধক্ষেত্র ত্যাগ করেছে কিংবা পশ্চাদপসারণ করেছে। এরশাদ হচ্ছে-"যুদ্ধ ক্ষেত্র ছেড়ে যারা পালিয়ে যায় তারা আল্লাহ তা'আলার গযব নিয়ে ফিরে যায় এবং তাদের ঠিকানা হল জাহান্নাম। আর সেটি হল নিকৃষ্ট অবস্থান।" পাঠক বন্ধু আমার, দুশমন যেমন কোন দেশের সৈনিক, মুজাহিদও তেমিন আল্লাহর সৈনিক। মুজাহিদ যুদ্ধের ময়দানে ভয় করেনা, কেননা আল্লাহ স্বয়ং তাদেরকে শান্ত না দিয়ে বলেন-"তাদের পশ্চাদ্বাবনে শৈথিল্য করোনা। যদি তোমরা আঘাত প্রাপ্ত, তবে তারাওতো তোমাদের মতই হয়েছে আঘাতপ্রাপ্ত এবং তোমরা আল্লাহর কাছে আশা কর, যা তারা আশা করেনা। আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়।" (নিসা-১০৪)

(২১) বল-কম সংখ্যক মুজাহিদ অধিক সংখ্যক কাফিরের উপর ঝাপিয়ে পড়ে কোন সাহসে?

"বহু ক্ষুদ্র দল বিরাট দলের মুকাবিলায় জয়ী হয়েছে আল্লাহর হুকুমে।" (বাক্বারাহ-২৪৯)

"তোমরা কাফিরদেরকে পৃথিবীতে পরাক্রমশালী মনে করোনা।" (নূর-৫৭)

"যদি কাফিররা তোমাদের মোকাবিলা করত, তবে তারা অবশ্যই পৃষ্ঠ প্রদর্শন করত। তখন তারা কোন অভিভাবক ও সাহায্যকারী পেত না।" (ফাত্‌হ্-২২)

